ভোরের কাগজ

তারিখ ... ... JUL 07 2000
পৃষ্ঠা ১২ কলাম ৬

97

# শাহজালাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বহিরাগতদের সংঘর্ষ, আহত ১০

সিলেট অফিস : শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের বহিরাগত দু গ্রুপের সশস্ত্র সংঘর্ষে গতকাল শনিবার ১০ জন আহত হয়েছে।

আহতদের মধ্যে পাঁচজনকে গুরুতর অবস্থায় ওসমানী হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হচ্ছে— মদন মোহন কলেজ শাখার সাধারণ সম্পাদক পীযুষ কান্তি দে, একই শাখার বদরুজ্জামান জুমার, শহীদুল ইসলাম বুলবুল, সাব্বির আহমদ ও জগৎজ্যোতি তালুকদার।

জানা যায়, ছাত্রলীগের একদল নেতাকর্মী বেলা ২টার দিকে শহর থেকে গিয়ে ক্যাম্পাসে প্রবেশ করে। প্রতিপক্ষ গ্রুপ তাদের পেছন পেছন ক্যাম্পাসে ঢুকে পড়লে ড. কুদরত-ই-খুদা ভবনের কাছে উভয়পক্ষ সংঘর্ষে লিপ্ত হয়। এ সময় কয়েক রাউন্ড গুলির শব্দ শোনা যায়। আধাঘন্টা সংঘর্ষ চলার পর উভয়পক্ষ ক্যাম্পাস ত্যাগ করে।

সংঘর্ষের পরিপ্রেক্ষিতে শা.বি কর্তৃপক্ষ ড. কুদরত-ই-খুদা ভবনে গতকাল বিকালের পরীক্ষা স্থগিত করেন। উভয়পক্ষে তীব্র উত্তেজনা বিরাজ করছে। তবে কোনো মামলা দায়ের বা গ্রেপ্তারের খবর পাওয়া যায়নি।